



স্মারক নং- ০৫.৪৪.০১৭৭.১৪.০০১.২০১৫.৮৭৩

মোহাম্মদ অতুল মন্ডল  
উপজেলা নির্বাহী অফিসার  
শরণখোলা, বাগেরহাট

তারিখ- ০৮/১১/২০১৬

আপনি জানেন বাগেরহাট জেলার প্রত্যন্ত একটি উপজেলা শরণখোলা। সুন্দরবনের কোল ঘেঁষা দারিদ্র পীড়িত এবং বার বার প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত এ উপজেলাটি মৌলিক চাহিদাসহ অর্থনৈতিকভাবেও অনগ্রসর। সারা দেশের তুলনায় শরণখোলা উপজেলা প্রায় সকল খাতে অনেক পিছিয়ে রয়েছে। তার উপর সিডর এবং আইলার মতো প্রাকৃতিক দুর্যোগের কারণে যে অবকাঠামোগত ক্ষয়ক্ষতি হয়েছে, তা এখনও কাটিয়ে ওঠা যায়নি। স্বাভাবিকভাবেই এ কারণে এ উপজেলায় ভিক্ষুকের সংখ্যা তুলনামূলকভাবে বেশী।

আপনি জেনে খুশি হবেন, খুলনা বিভাগের মাননীয় কমিশনার জনাব মোঃ আবদুস সামাদ খুলনা বিভাগকে ভিক্ষুক মুক্ত ঘোষণা করার এক মহান উদ্যোগ গ্রহণ করেছেন। এ লক্ষ্যে তিনি নিরলস পরিশ্রম করে যাচ্ছেন এবং এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেছেন। এছাড়া তিনি সার্বক্ষণিক বিষয়টির উপর দৃষ্টি রাখছেন। এই মহান পরিকল্পনার অংশ হিসেবে আমরা শরণখোলা উপজেলাকেও মাননীয় কমিশনার মহোদয়ের উদ্যোগের অংশ হিসেবে ভিক্ষুক মুক্ত করার প্রচেষ্টা চালাচ্ছি। এ লক্ষ্যে শরণখোলা উপজেলা ভিক্ষুক পুনর্বাসন সংস্থা গঠন করা হয়েছে এবং একটি ব্যাংক একাউন্ট তথা তহবিল গঠন করা হয়েছে। উক্ত ব্যাংক একাউন্টের বিস্তারিত তথ্য নিম্নে প্রদত্ত হ'ল-

শরণখোলা উপজেলা ভিক্ষুক পুনর্বাসন তহবিল  
সোনালী ব্যাংক, রায়েন্দা বাজার শাখা  
চলতি হিসাব নম্বর- ২৯১৩২০২০০০৭০৮

বর্তমানে এহেন মহান এবং বিপুল কর্মকাণ্ড পরিচালনার জন্য প্রয়োজনের তুলনায় একেবারেই অপ্রতুল অর্থ নিয়ে আমরা গুরু করেছি। ইতোপূর্বে বিভিন্ন ফোরামে আপনার নিকট হতে শরণখোলা উপজেলার আর্থ-সামাজিক উন্নয়নে যে কোন সহযোগিতার আশ্বাস আমরা পেয়েছিলাম এবং এর প্রমানও আমরা পেয়েছি। আপনি সর্বাত্মে এ ক্ষেত্রে আমাদের সর্বতোভাবে সাহায্য ও সহযোগিতা করবেন মর্মে আমি বিশ্বাস ও আস্থা রাখি। এমতাবস্থায়, শরণখোলা উপজেলাকে ভিক্ষুক মুক্ত করার কর্মকাণ্ডে আপনার সানুগ্রহ অংশগ্রহণ এবং সার্বিক সহযোগিতার জন্য বিনীত অনুরোধ করছি।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ অতুল মন্ডল)  
উপজেলা নির্বাহী অফিসার  
শরণখোলা, বাগেরহাট।

স্মারক নং- ০৫.৪৪.০১৭৭.১৪.০০১.২০১৫.৮৭৩

তারিখ- ০৮/১১/২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ০২। জেলা প্রশাসক, বাগেরহাট।

স্বাক্ষরিত/-

উপজেলা নির্বাহী অফিসার  
শরণখোলা, বাগেরহাট।